

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ১. ১১. মনোনীত প্রিয় জাতির গণহত্যার প্রতিজ্ঞা

ঈশ্বর তাঁর প্রিয় জাতির পাপাচারের কারণে তাদের বার বার ধ্বংস করেছেন এবং অনেকবারই ধ্বংসের প্রতিজ্ঞা করেছেন। ত্রিশ লক্ষ ইসাইলীয়কে নিয়ে মূসা (আ.) মিসর পরিত্যাগ করেন। প্রায় ৭০০ বছর পরে নবী এলিয় বা ইলিয়াস (Elijah) ও নবী ইলীশায় বা আল-ইয়াসা (Elisha)-এর সময়ে তাদের সংখ্যা কয়েক কোটি হওয়ার কথা। সেখানে ঈশ্বর শুধু ৭ হাজার রেখে বাকি সবাইকে ধ্বংসের ঘোষণা দিয়ে নবী এলিয়কে বলেন: "তুমি যে পথে এসেছ সেই পথে ফিরে গিয়ে দামেস্কের মরুভূমিতে যাও। সেখানে পোঁছে তুমি হসায়েলকে সিরিয়ার বাদশাহর পদে অভিষেক কর। এছাড়া নিম্শির নাতি যেহুকে ইসরাইলের বাদশাহর পদে অভিষেক কর, আর তোমার পদে নবী হওয়ার জন্য আবেল-মহোলার শাফটের ছেলে আল-ইয়াসাকে (Elisha) অভিষেক কর। হসায়েলের তালোয়ার যারা এড়িয়ে যাবে যেহু তাদের হত্যা করবে আর যেহুর তলোয়ার যারা এড়িয়ে যাবে আল-ইয়াসা তাদের হত্যা করবে। তবে ইসরাইলে আমি সাত হাজার লোককে রেখে দিয়েছি যারা বাল দেবতার সামনে হাঁটু পাতেনি এবং তাকে চুম্বনও করেনি।" (১ বাদশাহনামা ১৯/১৫-১৮)

ঈশ্বর আরো বলেন: "সেজন্য আমি আল্লাহ মালিক আমার জীবনের কসম খেয়ে বলছি, তোমার সব বাজে মূর্তি ও জঘন্য কাজকর্মের দ্বারা তুমি আমার ঘর নাপাক করেছ বলে আমি নিজেই আমার দয়া সরিয়ে নেব; আমি তোমার উপর মমতা করে তাকাব না কিংবা তোমাকে রেহাই দেব না। তোমার তিন ভাগের এক ভাগ লোক তোমার মধ্যে হয় মহামারীতে না হয় দুর্ভিক্ষ মারা যাবে; তিন ভাগের এক ভাগ দেয়ালের বাইরে যুদ্ধে মারা পড়বে এবং তিন ভাগের এক ভাগকে আমি চারিদিকে ছড়িয়ে দেব আর খোলা তলোয়ার নিয়ে তাড়া করব।" (ইহিস্কেল ৫/১১-১২)

ঈশ্বর বলেন: "তুমি জেরুজালেম শহরের মধ্য দিয়ে যাও এবং তার মধ্যে যে সব জঘন্য কাজ করা হয়েছে সেজন্য যারা দীর্ঘ নিঃশ্বাস ফেলে কোঁকাচ্ছে তাদের কপালে একটি করে চিহ্ন দাও। ... কোন মায়া-মমতা না দেখিয়ে লোকদের মেরে ফেলতে থাক, কাউকে রেহাই দিয়ো না। বুড়ো, যুবক, যুবতী মেয়ে, স্ত্রীলোক ও ছোট ছেলেমেয়েদের মেরে ফেল, কিন্তু যাদের কপালে চিহ্ন আছে তাদের ছুঁয়ো না...। তোমরা নিহত লোকদের দিয়ে উঠানটা ভরে ফেল ...।" (ইহিস্কেল ৯/৪-১০)

অন্যত্র ঈশ্বর তাঁর প্রিয় প্রজাদের গণহত্যার ঘোষণা দিয়ে বলেন: "সামোরিয়ার লোকেরা তাদের আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করেছে বলে দায়ী হবে। তারা যুদ্ধে মারা পড়বে; তাদের ছোট ছেলেমেয়েদের মাটিতে আছাড় মেরে চুরমার করা হবে এবং তাদের গর্ভবতী স্ত্রীলোকদের পেট চিরে ফেলা হবে।" (হোসিয়া ১৩/১৬। আরো দেখুন: যিরমিয় ১৫/১-৪ ও যিহিস্কেল ৩৫/৭-৯)

ঈশ্বর অন্যত্র ঘোষণা দেন: "ইসরাইল জাতির সমস্ত খারাপ ও জঘন্য কাজের জন্য জোরে জোরে হাহাকার কর, কারণ তারা যুদ্ধে, দুর্ভিক্ষ ও মহামারীতে মারা পড়বে। যে দূরে আছে সে মহামারীতে মরবে এবং যে কাছে আছে সে যুদ্ধে মারা পড়বে, আর যে বেঁচে যাবে সে ঘেরাওয়ের মধ্যে পড়ে দুর্ভিক্ষ মরবে।… বনি-ইসরাইলরা যেখানেই



বাস করুক না কেন আমি তাদের বিরুদ্ধে আমার হাত বাড়াব এবং মরুভূমি থেকে দিবলা পর্যন্ত সারা দেশটা জনশূন্য ও ধ্বংসস্থান করব।" (ইহিস্কেল ৬/১১-১৪)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14534

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন